

**একই তারিখ ও স্মারকে জারিকৃত আদেশের স্থলাভিষিক্ত**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-১  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৪১.১৭/ ৪০০

তারিখঃ ০৫ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ  
১৯ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ এমপিও স্থগিতাদেশ প্রত্যাহার এবং বকেয়া বেতন-ভাতাদি ছাড়করণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার সদর উপজেলাধীন মাদ্রাসা তেনু কেন্দ্র সারদা সুন্দরী বালিকা উচ্চ বিদ্যালয়, কেন্দ্র কোড- ১৫১ হতে ২০১৭ সালের দাখিল পরীক্ষা চলাকালীন সময়ে অসদুপায় অবলম্বনে সহযোগিতা এবং দায়িত্ব পালনে অবহেলা করায় দায়িত্ব প্রাপ্ত ম্যাজিস্ট্রেট এর অভিযোগের ভিত্তিতে জেলা প্রশাসক, ফরিদপুর তৎক্ষণাত ব্যবস্থা গ্রহণ পূর্বক সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব কারিগরি ও মাদ্রাসা বিভাগ বরাবর পত্র প্রেরণ করেছেন। তদালোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (শাখা-১০), শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ১৪/০২/২০১৭ খ্রি: তারিখে নং-৩৭.০০.০০০০.০৭১.১০.০০৭.০৬ (অংশ) ১৭১ স্মারকে ফরিদপুর জেলার সদর উপজেলাধীন শোলাকুন্ডু কেরামতিয়া দাখিল মাদ্রাসার সহকারী সুপার, জনাব মো: আশরাফ আলী (ইনডেক্স নং-০৫৩০৮৫) এর এমপিও স্থগিত করা হয়েছে। বর্তমানে উক্ত অভিযোগের সাথে তিনি জড়িত নন মর্মে তার স্থগিতকৃত বেতন-ভাতা প্রদানের জন্য অনুরোধ করেছেন। জেলা প্রশাসক ফরিদপুর ও মন্ত্রণালয়ের পত্রের নির্দেশের আলোকে গৃহীত ব্যবস্থার অগ্রগতি অথবা কোন পদক্ষেপ নেয়া হয়েছে কিনা তা জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ আঃ খালেক মিয়া)  
সহকারী-সচিব (মাদ্রাসা-১)  
ফোনঃ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাট টাওয়ার লেভেল-৩, ৩৭/৩/এ  
ইস্কাটান গার্ডেন রমনা, রোড, ঢাকা-১০০০।

**অনুলিপিঃ**

১. উপ-সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিস কপি।